


"ধূমকেতুর ঝলক" একটি অনন্য কাব্য সংকলন, যেখানে শব্দ ও ভাবনার ছন্দ মিলে সৃষ্টি হয়েছে কবিতার এক দীপ্তিময় জগত। এই গ্রন্থে স্থান পেয়েছে আমাদের সময়ের নবীন ও প্রতিভাবান কবিদের হৃদয়ছোঁয়া কবিতা, যা পাঠকের মন ও চেতনায় আলোড়ন তুলবে বলেই আমাদের বিশ্বাস।

গ্রন্থের নামের সঙ্গে সাযুজ্য রেখেই এতে উঠে এসেছে সমাজ, প্রেম, বেদনা, বিদ্রোহ ও স্বপ্নের নানা অনুরণন—যেন আকাশের বুক চিরে ধূমকেতুর মতো এগিয়ে আসা এক ঝলমলে ভাষ্য। এই সংকলন শুধু কাব্যরসিক পাঠকের হৃদয় জয় করবে না, বরং নতুন কবিদের কণ্ঠকে পৌঁছে দেবে বৃহত্তর পাঠকমণ্ডলীর কাছে ।

আমরা কৃতজ্ঞ প্রতিটি কবি ও সম্পাদকের প্রতি, যাঁদের আন্তরিক প্রচেষ্টায় এই বইটি প্রাণ পেয়েছে। আশা করি, "ধূমকেতুর ঝলক" পাঠকের হৃদয়ে দীর্ঘকাল দীপ্তি ছড়াবে।

— প্রকাশক
ইচ্ছাশক্তি প্রকাশনী

# ধূমকেতুর ঝলক

সম্পাদনায়- মোছাঃ সাথী খাতুন

নতুন ভাবনা, উন্নত জ্ঞান
ইচ্ছাশক্তি
প্রকাশনী



# ধূমকেতুর ঝলক

সংকলন ও সম্পাদনায়-
মোছাঃ সাথী খাতুন

# উৎসর্গ

"ধূমকেতুর ঝলক"
কাব্য সংকলনটি উৎসর্গ করা হলো—
বিদ্রোহের বজ্রকণ্ঠ, প্রেমের অগ্নিশিখা, বিদ্রোহী কবি
**কাজী নজরুল ইসলাম -কে**
যার কলমের আগুনে জ্বলে উঠেছিল
একটি জাতির আত্মচেতন,
যার কবিতা ও গান হয়ে উঠেছিল
অন্যায়ের বিরুদ্ধে বজ্রনিনাদ।
তাঁর বিদ্রোহে, প্রেমে ও মানবতাবোধে
আজও অনুপ্রাণিত হই আমরা।
এই বই তাঁর অনন্ত প্রেরণার প্রতি
আমাদের শ্রদ্ধাঞ্জলি।

# ভূমিকা

**"ধূমকেতুর ঝলক"** কাব্য সংকলনটি একবিংশ শতাব্দীর কবিদের কণ্ঠে বিংশ শতাব্দীর এক ধূমকেতু—কাজী নজরুল ইসলামের দীপ্তি ও দ্রোহের পুনরুজ্জীবন। এ গ্রন্থে যাঁরা কলম ধরেছেন, তাঁরা কেউ কাব্যের তরুণ সৈনিক, কেউ অভিজ্ঞ অভিভাবক—তবে সকলের হৃদয়েই এক প্রবল অনুরণন: বিদ্রোহ, মানবতা, প্রেম এবং প্রগতির গান গেয়ে যাওয়া সেই চিরসজীব কবি নজরুলের ভাবধারায় সাহিত্যচর্চা।

কাজী নজরুল ইসলাম শুধুই একজন কবি ছিলেন না, তিনি ছিলেন এক নবজাগরণের প্রতীক—এক সময়ের কণ্ঠস্বর, আজও যিনি অম্লান। তাঁর কলম যেমন প্রতিবাদের অগ্নিশিখা, তেমনি প্রেমের স্নিগ্ধতা। তিনি যখন বলেন, *"আমি চির-বিদ্রোহী বীর"*—তখন সে উচ্চারণ যেন আজকের প্রতিটি ন্যায়বোধ সম্পন্ন কবি ও মানুষের হৃদয়ের আহ্বান হয়ে ওঠে। এই সংকলনে অংশগ্রহণকারী কবিরা তাঁদের স্বর ও সুরে সেই আহ্বানকেই বয়ে এনেছেন, কখনো বিদ্রোহের আগুন হয়ে, কখনো মানবিকতার কোমল সুর হয়ে।

এই কাব্যগ্রন্থের নাম **"ধূমকেতুর ঝলক"** এসেছে নজরুলের সেই বিখ্যাত "ধূমকেতু" পত্রিকার নামানুসারে, যা ছিল ব্রিটিশ শাসনের বিরুদ্ধে তাঁর সাহিত্যিক বিদ্রোহের এক অনন্য দৃষ্টান্ত। আমাদের এই সংকলনও যেন তেমনই এক মেটাফোরিক ধূমকেতু—যা আকাশে ঝলকে উঠেছে নানা কণ্ঠ, ভাবনা ও স্বপ্নের সম্মিলিত দীপ্তি নিয়ে।

এ সংকলনের কবিতাগুলোতে রয়েছে সমাজের বঞ্চনার বিরুদ্ধে রোষ, প্রেমের রোমান্টিক আবেশ, ধর্মীয় সাম্যের অনুরণন, নারীমুক্তির স্বপ্ন এবং সাংস্কৃতিক মুক্তির দীপ্ত প্রত্যয়। নজরুলের বহুমাত্রিক সাহিত্যকর্মের মতোই এই সংকলনের প্রতিটি কবিতা একেকটি আত্মা-জাগানিয়া সুর, যা আমাদের মনে করিয়ে দেয়: কবিতা কেবল সৌন্দর্যের সঞ্চার নয়, এটি একটি বিপ্লবী অস্ত্রও হতে পারে।

আমাদের বিশ্বাস, এই গ্রন্থ পাঠকদের শুধু সাহিত্যিক আনন্দই দেবে না, বরং প্রেরণা দেবে সত্যকে বলতে, অন্যায়ের বিরুদ্ধে কলম ধরতে, ভালোবাসাকে শ্রেষ্ঠ শক্তি হিসেবে ধারণ করতে। এই সংগ্রহ নজরুল চেতনায় এক নতুন প্রজন্মের সাহিত্যকর্ম—যা ধ্বনি তুলবে, আলো ছড়াবে, এবং ভবিষ্যতের পথ দেখাবে।

**"ধূমকেতুর ঝলক"** সেই আলোরই প্রতিচ্ছবি, যেখানে নজরুলের উত্তরসূরিরা তাঁর জ্বলন্ত আত্মার অগ্নিস্নানে নিজেদের কাব্যরূপ দিয়েছেন। এটি শুধু একটি কাব্যসংকলন নয়—একটি যাত্রা, একটি ধ্বনি, একটি চেতনা।



## ধূমকেতুর ঝলক

# সূচিপত্র




মোছাঃ সাথী খাতুন ৯
মোঃ মাহে আলম আখন ১১
আরফাতুল ইসলাম ১৩
জোবায়ের শেখ ১৫
মোঃ আশিক নেওয়াজ ১৭
নাঈমা হক ১৯
উত্তম কুমার তালুকদার ২১
দেবদাস চন্দ্র দাস ২৩
মোঃ সুমন মিয়া ২৫
আবু রিসাত ৩২
মিফতাহুল জান্নাত তাসফি ৩৫
মোঃ নাছিম প্রাং ৩৮
উসমান গণী ৩৯
মোহাম্মদ খোকা মিয়া ৪২
৪৪ মোঃ বাবলু হোসেন
৪৬ মোঃ তানজিমুল ইসলাম
৪৮ জয় দাস
৫০ রাকিবুল ইসলাম রাহান
৫২ কাজী নজরুল ইসলাম (নজর)
৫৪ এইচ আর রুবেল
৫৬ রবিউল হাসান
৫৯ উশৈমং মারমা
৬১ নূরে আলম চৌধুরী
৬৬ বাইস কাদির
৬৮ মো. কেরামত আলী
৭০ মোঃ সোহেল রানা
৭৪ ডা. এফ আই নয়ন সরকার
৭৬ মাই ফেয়ার চৌধুরী

# নিয়তির খেলা

## মোছাঃ সাথী খাতুন

নিয়তির খেলা, জানি না কখন কবে,
আমরা ভাবি যা, তা সব ঘটে না সবই কবে।
প্রতিটি পদক্ষেপে সঁপে দিই মন,
দুঃখের মাঝেও হেসে উঠি পরাজয়ের ছোঁন।

যত পথ বেছে নিই, হারাই আর পাই,
নিয়তি বলে, তুমি শুধু চুপ থেকে যাই।
কিছুই তো জানি না, কেন এসব ঘটে,
অথবা কেন আমার জীবন কখনো মেলে না মেটে।

যতই জাগি, ততই ঘুমের গভীরে ঢুকে,
স্বপ্ন দেখাও, কিন্তু কখনো পূর্ণ হয় না ত্রুটি।
চলার পথে যা পাই, তা সবই নিয়তির খেলা,
কেউ হাসে, কেউ কাঁদে, এই আমাদের মেলা।

স্বপ্ন গড়ে, তবে বাঁচি মেঘের মাঝে,
অবিশ্বাসের ছায়া হেলে পড়ে সঠিক পথে।
অথচ যদি জানতাম সব কিছু হবে কেন,
পৃথিবীর এই নিয়ম না হয় থাকত না বেশ।

বাড়তে বাড়তে হোঁচট খাই, শিখি নতুন কিছু,
প্রত্যাশা আর বাস্তবতা মাঝে বড্ড ফাঁক।
নিয়তির খেলা তো শেষ হবে না কোনো দিন,
এই রুদ্ধ পথেও আশার আলো খুঁজে যেন।

# রাসুল সেনা
## আরফাতুল ইসলাম

রাসূল সেনা বুলেট বোমা
ভয় করেনা কভু,
মুখে জিকির মাথায় ফিকির
সাহস দিও প্রভু!

নবীর প্রেমে শ্লোগান তুলে
জাগো হে মুসলমান,
ইহুদীর দালালদের রক্ষা নেই
করে নবীর অপমান!

বজ্র কণ্ঠে আওয়াজ তুলো
নারা'য়ে তাকবীর,
নবীর দুষমন ইহুদীরা
নত করো শির!

বিশ্ব নবীর উম্মতেরা
আজ দিচ্ছে হুংকার,
ইহুদীর দালাল নবীর দুষমন
হও হুশিয়ার!

বিশ্ব ভুবন ধ্বংস হবে
নবীর অপমানে,
রক্তে জমিন লাল করিব
ইহুদীদের গর্দানে!

# নতুন দিনে
## নূরে আলম চৌধুরী

ফুলে-ফলে উঠুক ভরে
আমার আঙিনা
নতুন স্বপ্নে বিভোর হবো
গড়বো নতুন ঠিকানা।

দুঃখ বেচে কিনবো আমি
সুখ যে সারি সারি
এই বোশেখে বাঁধবো আমি
নতুন একখান বাড়ি।

সোনার ফসল ফলাবো আমি
আপন হাতের জোরে
সেই ফসলে ধানের গোলা
উঠবে শুধু ভরে।

তিতাস নদীর মিহিন বাতাস
আমার বাড়ি আসবে মাঝে মাঝে
সেই বাতাসে শীতল হবো
সকাল দুপুর সাঝে।

আকাশ পানে সুখের ঘুড়ি
উড়বে হেসে হেসে
ললাট থেকে দুঃখের পাহাড়
ঘুচবে সুখের বানে ভেসে।

নতুন দিনের নতুন রঙে
থাকবো মিলে মিশে
ভালোবাসায় সিক্ত হবো
বিভেদ ভুলে নির্বিশেষে।

নিজেকে সাহিত্যিক হিসাবে গড়ে
তুলতে বই প্রকাশ করুন

# পাণ্ডুলিপি আহ্বান

বই প্রকাশ শুধুমাত্র বই মেলার জন্য নয়। বই প্রকাশ হবে
সারা বছর ঘরে বসে ঝামেলাহীন।

কবিতা/ছড়া
গল্প/ছোটগল্প
উপন্যাস
প্রবন্ধ/অনুবাদ
মুক্তিযুদ্ধ
সাইন্স ফিকশন

রাজনীতি
আত্মজীবনী
ইতিহাস/গবেষণা
ভ্রমকাহিনি
অর্থনীতি
শিশুতোষ

নতুন ভাবনা, উন্নত জ্ঞান
ইচ্ছাশক্তি
প্রকাশনী

মানসম্মত বই প্রকাশ করতে যোগাযোগ করুন-

**ইচ্ছাশক্তি প্রকাশনী**

জয়দেবপুর, গাজীপুর-১৭০৭।
মোবাইলঃ ০১৯৭৫-২৭৪৬১৪, ০১৫১৬-৩৭৯০৬৪
ই-মেইলঃ ichchashakti22@gmail.com